মূল শব্দাবলীঃ
উম্মাহ
ব্যক্তিবিশেষ
গর্ব করা

**Majlis Ugama Islam Singapura**

**Friday Sermon**

**28 August 2026 / 15 Rabiulawal 1448H**

# এমন একজন ব্যক্তি হয়ে ওঠা, যাঁকে নিয়ে মহানবী মুহাম্মদ (সাঃ) গর্বিত হবেন

**إِنَّ الْحَمْدَ لِلّهِ، نَحْمَدُهُ وَنَسْتَعِينُهُ وَنَسْتَغْفِرُهُ، وَنَعُوذُ بِاللهِ مِنْ شُرُورِ أَنْفُسِنَا وَمِنْ سَيِّئَاتِ أَعْمَالِنَا، مَنْ يَهْدِهِ اللهُ فَلاَ مُضِلَّ لَهُ، وَمَنْ يُضْلِلْ فَلاَ هَادِيَ لَهُ، وَأَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِيْنَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ ٱللَّهِ، ٱتَّقُوا ٱللَّهَ. قَالَ تَعَالَى فِي التَّنْزِيل: يَـٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ ٱتَّقُواْ ٱللَّهَ حَقَّ تُقَاتِهِۦ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنتُم مُّسْلِمُونَ**

**জুম্মায় উপস্থিত হে মুমিনদের দল! আল্লাহ আপনাদের প্রতি রহম করুন।**

আপনারা সকলে আল্লাহ সুবহানাহু ওয়া তা‘আলার তাকওয়া অবলম্বন করুন। তাঁর নির্দেশসমূহ পালন করুন এবং তাঁর নিষিদ্ধ বিষয়গুলো থেকে বিরত থাকুন। আল্লাহ সুবহানাহু ওয়া তা’আলার কাছে দোয়া করি, যেন আমরা সর্বদা তাঁর রহমত ও হেফাজতের মধ্যে থাকতে পারি। **আমীন।**

## প্রিয় ভাইয়েরা,

জেনে রাখুন! বিশ্বাস করুন! নিশ্চয়ই রাসূলুল্লাহ (সাঃ)তাঁর উম্মাহকে আমাদের কল্পনারও অতীত ভালোবাসতেন। একবার তিনি (সাঃ) তাঁর উভয় হাত উত্তোলন করে বলেছিলেন: "হে আল্লাহ! আমার উম্মাহ! আমার উম্মাহ!" এরপর তিনি (সাঃ) দুনিয়া ও আখিরাতে আমাদের পরিণতির চিন্তায় অশ্রুসিক্ত হয়েছিলেন। *(সহিহ মুসলিম)*

তিনি (সাঃ)আরও একবার বলেছিলেন: "হে আবু বকর! আমি আমার ভাইদের সঙ্গে সাক্ষাতের জন্য কতই না আকুল!" সাহাবায়ে কেরাম যখন তাঁকে জিজ্ঞাসা করলেন, তিনি কাদের কথা বলছেন, তখন তিনি (সাঃ)স্পষ্ট করে জানালেন যে, তিনি (সাঃ) আমাদের কথাই বলছেন—তাঁর সেই **উম্মাহর**, যারা সাহাবিদের পরে আসবে; যারা তাঁকে কখনো সামনাসামনি দেখবে না, তবুও তাঁর প্রতি ঈমান আনবে। *(সহিহ মুসলিম)*

কিয়ামতের দিন রাসূলুল্লাহ (সাঃ) আমাদের জন্য **আল-হাউদ** বা **হাউদে কাওসারের** কাছে অপেক্ষা করবেন। তিনি (সাঃ) তাঁর উম্মাহর সদস্যদের চিনতে পারবেন, যারা সেই হাউদের কাছে আসবে। কিন্তু দুঃখের বিষয়, তাদের মধ্য থেকে কিছু লোককে হাউদ এবং রাসূলুল্লাহ (সাঃ)-এর কাছে আসতে বাধা দেওয়া হবে। এ দৃশ্য দেখে রাসূলুল্লাহ আহ্বান জানাবেন: "আমার সঙ্গীরা! আমার সঙ্গীরা**!"** *(সহিহ বুখারি ও সহিহ মুসলিম)*

সাক্ষী থাকুন! তাঁর উম্মাহর প্রতি তাঁর (সাঃ) ভালোবাসা ও উদ্বেগের কোনো সীমা নেই।

**সুবহানাল্লাহ!** আমাদের প্রতি রাসূলুল্লাহ (সাঃ)-এর ভালোবাসা কতই না মহান! তাই আজকের খুতবা আমাদের আহ্বান জানায়—এমন ব্যক্তি হয়ে উঠতে, যাঁকে নিয়ে রাসূলুল্লাহ **(সাঃ)** গর্বিত হবেন।

কীভাবে আমরা তা করতে পারি?

এর উত্তর আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা সুরা আল-হাশরের ৭ নম্বর আয়াতে উল্লেখ করেছেন:

وَمَا آتَاكُمُ الرَّسُولُ فَخُذُوهُ وَمَا نَهَاكُمْ عَنْهُ فَانْتَهُوا

**অর্থঃ** রসূল (সাঃ) তোমাদেরকে যা দেন, তা গ্রহণ কর এবং যা থেকে তোমাদেরকে নিষেধ করে, তা থেকে বিরত থাক এবং আল্লাহকে ভয় কর। নিশ্চয় আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা আযাবের দিক থেকে অত্যন্ত কঠোর।

**প্রিয় ভাইয়েরা,**

রাসূলুল্লাহ (সাঃ)-কে নিয়ে গর্বিত হওয়ার মতো মানুষ হতে হলে অসাধারণ কোনো কৃতিত্ব অর্জন করা জরুরি নয়। বরং তাঁর  শেখানো অতি সাধারণ ও ছোট ছোট বিষয় থেকেই এর শুরু হতে পারে।

আপনার মা-বাবার সঙ্গে সদ্ব্যবহার করুন। তাঁদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখুন অথবা সুযোগ পেলেই তাঁদের দেখতে যান। তাঁদের সঙ্গে কোমল ও নম্রভাবে কথা বলুন। তাঁরা যখন বার্ধক্যে উপনীত হন, তখন তাঁদের সেবাযত্নে ধৈর্য ধারণ করুন।

নামাজ কায়েম করুন, সালাম দিন, হাসিমুখে থাকুন, ভালো ও সত্য কথা বলুন, মানুষের সঙ্গে কোমল ও সদয় আচরণ করুন, নিজের প্রতিশ্রুতি রক্ষা করুন, অসুস্থদের দেখতে যান, সদকা করুন, ক্ষুধার্তকে আহার করান এবং প্রতিবেশী ও বন্ধুদের সাহায্য করুন। এটাই হলো হাদইয়ুন নববী—আমাদের প্রিয় রাসূলুল্লাহ (সাঃ)- এর নিয়ে আসা জীবনপদ্ধতি ও দিকনির্দেশনা।

কোনো বিষয় তুচ্ছ মনে হলেও মিথ্যা বলবেন না। আমানতের খিয়ানত করবেন না। আমাদের কথা বা কাজের মাধ্যমে অন্যের মনে কষ্ট দেওয়া থেকে বিরত থাকুন। মজা করেও কাউকে অপমান বা হেয় করবেন না। যে গুজবের সত্যতা জানা নেই, তা ছড়িয়ে দেওয়া থেকে বিরত থাকুন। গিবত করা এবং

মানুষের মধ্যে বিবাদ ও বিরোধ সৃষ্টি করা থেকে দূরে থাকুন। সাফল্য যেন আমাদের অহংকারী করে না তোলে। অন্যের প্রাপ্ত নিয়ামত চলে যাক—এমন কামনা করে তাদের প্রতি হিংসা পোষণ করবেন না। আল্লাহ যখন আমাদের কারও জীবন সহজ করে দেওয়ার সামর্থ্য দিয়েছেন, তখন তার জীবনকে কঠিন করে তুলবেন না।

প্রিয় ভাইয়েরা, এটাই হলো হাদইয়ুন নববী—আমাদের প্রিয় ও সম্মানিত রাসূলুল্লাহ (সাঃ)-এর নিয়ে আসা নববী আদর্শ ও দিকনির্দেশনা।

আসুন, এসব উপদেশ আমাদের অন্তরে রাসূলুল্লাহ (সাঃ) -এর সঙ্গে সাক্ষাতের এক গভীর আকাঙ্ক্ষা জাগিয়ে তুলুক। আমরা যেন তাঁর (সাঃ) কাছে পরিচিত হতে পারি। আমরা যেন এমন **ব্যক্তি** হয়ে উঠতে পারি, যাঁকে নিয়ে রাসূলুল্লাহ (সাঃ) গর্বিত হবেন**।**

হয়তো এমনও হতে পারে, যেদিন আমরা রাসূলুল্লাহ (সাঃ)এর সামনে সমবেত হব, সেদিন তিনি (সাঃ) আমাদের দেখে হাসবেন এবং বলবেন:

"হে আমার উম্মাহ! আমি তোমাদের নিয়ে গর্বিত।"

আমীন, ইয়া রব্বাল 'আলামীন।

**أَقُوْلُ قَوْلِي هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ العَظِيْمَ لِي وَلَكُمْ، فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الغَفُوْرُ الرَّحِيْم.**

## Second Sermon

الحَمْدُ للهِ حَمْدًا كَثِيرًا كَمَا أَمَرَ، وَأَشْهَدُ أَن لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ الله، اِتَّقُوا اللهَ تَعَالَى فِيمَا أَمَرَ، وَانتَهُوا عَمَّا نَهَاكُم عَنْهُ وَزَجَرَ.

أَلَا صَلُّوا وَسَلِّمُوا عَلَى النَّبِيِّ الْمُصْطَفَى، فَقَدْ أَمَرَنَا اللهُ بِذَلِكَ حَيْثُ قَال فِي كِتَابِهِ العَزِيزِ: إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا صَلُّوا عَلَيهِ وَسَلِّمُوا تَسْلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ.

وَارْضَ اللَّهُمَّ عَنِ الخُلَفَاءِ الرَّاشِدِينَ المَهْدِيِّينَ سَادَاتِنَا أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ وَعَلِيٍّ، وَعَن بَقِيَّةِ الصَّحَابَةِ وَالقَرَابَةِ وَالتَّابِعِينَ، وَتَابِعِي التَّابِعِينَ، وَعَنَّا مَعَهُم وَفِيهِم بِرَحْمَتِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِينَ.

اللَّهُمَّ اغْفِرْ لِلمُؤْمِنِينَ وَالمُؤْمِنَاتِ، وَالمُسْلِمِينَ وَالمُسْلِمَاتِ، الأَحْيَاءِ مِنهُم وَالأَمْوَاتِ. اللَّهُمَّ ادْفَعْ عَنَّا البَلَاءَ وَالوَبَاءَ وَالزَّلَازِلَ وَالمِحَنَ، مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ، عَن بَلَدِنَا خَاصَّةً، وَسَائِرِ البُلْدَانِ عَامَّةً، يَا رَبَّ العَالَمِينَ. اَللَّهُمَّ انْصُرْ إِخْوَانَنَا ٱلْمُسْتَضْعَفِيْنَ فِي غَزَّة وَفِي فِلِسْطِينَ وَفِيْ كُلِّ مَكَانٍ

عَامَّةً، يَا أَرْحَمَ الرَّاحِمِينَ. رَبَّنَا آتِنَا فِي الدُّنيَا حَسَنَةً، وَفِي الآخِرَةِ حَسَنَةً، وَقِنَا عَذَابَ النَّارِ.

عِبَادَ اللهِ، إِنَّ اللهَ يَأْمُرُ بِالعَدْلِ وَالإِحْسَانِ وَإِيتَاءِ ذِي القُرْبَى، وَيَنْهَى عَنِ الفَحْشَاءِ وَالمُنكَرِ وَالبَغْيِ، يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ، فَاذكُرُوا اللهَ العَظِيمَ يَذْكُرْكُمْ، وَاشْكُرُوهُ عَلَى نِعَمِهِ يَزِدْكُمْ، وَاسْأَلُوهُ مِن فَضْلِهِ يُعْطِكُم، وَلَذِكْرُ اللهِ أَكْبَرُ، وَاللهُ يَعْلَمُ مَا تَصْنَعُونَ.